

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 30-03-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM -MKB -132 :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মন কি বাত অনুষ্ঠানের ১৩২ তম পর্বে বলেছেন, পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতির কারণে পেট্রোল ও ডিজেল নিয়ে বিশ্বজুড়ে একটি সংকট তৈরি হচ্ছে। গতকাল প্রচারিত এই অনুষ্ঠানে তিনি বলেছেন, এই কঠিন সময়, ভারতের আন্তর্জাতিক সম্পর্ক, বিভিন্ন দেশের সমর্থন এবং গত এক দশকে নয়াদিল্লির গড়ে তোলা শক্তিই দেশকে পরিস্থিতি মোকাবিলায় সক্ষম করেছে। তিনি বলেন, কোভিড অতিমারির সময়ের মতোই এই কঠিন পরিস্থিতি থেকেও দেশ বিজয়ী হয়ে বেরিয়ে আসবে। উপসাগরীয় দেশগুলিতে লক্ষ লক্ষ ভারতীয় বাস করেন উল্লেখ করে প্রধানমন্ত্রী এক কোটিরও বেশি ভারতীয়কে সব ধরনের সহায়তা প্রদানের জন্য এই দেশগুলির প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি সকল নাগরিককে ঐক্যবদ্ধভাবে এই চ্যালেঞ্জ মোকাবিলার আহ্বান জানান।

প্রধানমন্ত্রী ১৪০ কোটি দেশবাসীর স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে স্বার্থপর রাজনীতি এবং গুজব সম্পর্কে সকল নাগরিককে সতর্ক করে বলেন, শুধুমাত্র সরকারের দেওয়া ধারাবাহিক তথ্যের ওপরই বিশ্বাস রাখা উচিত। তিনি একইসঙ্গে 'মন কি বাত'-এ 'জ্ঞান ভারতম' সমীক্ষা ও 'জ্ঞান ভারতম' অ্যাপে পাণ্ডুলিপি ও ছবি শেয়ার করতে আহ্বান জানান। শ্রী মোদী এই সমীক্ষার মাধ্যমে সকলকে তাদের সংস্কৃতির বিভিন্ন দিক তুলে ধরার জন্য আহ্বান জানান। এছাড়া 'মাই ভারত'

একটি প্রধান ভূমিকা পালন করছে। তিনি দেশের যুবকদের বিভিন্ন ইতিবাচক কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত করার জন্য সংস্থাটির প্রশংসা করেন। তিনি সম্প্রতি 'মাই ভারত' দ্বারা আয়োজিত 'বাজেট কুইজ' সম্পর্কে কথা বলেন। তিনি এই অনুষ্ঠানে জম্মু ও কাশ্মীরের ক্রিকেট ও অন্য খেলায় উৎসাহ, সফলতা এবং ভারতের সর্বোচ্চ পর্যায়ের সাফল্য তুলে ধরে নিজের এবং দেশবাসীর খুশির কথা তুলে ধরেন। প্রধানমন্ত্রী 'অস্মিতা অ্যাথলেটিক্স লীগ'-এর কথা উল্লেখ করেন, যেখানে ৮ই মার্চ নারী দিবস উপলক্ষে অনেক ক্রীড়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল। এই লীগে প্রায় ২ লক্ষ মহিলা অংশগ্রহণ করেছিলেন।

ফিটনেসের প্রসঙ্গে প্রধানমন্ত্রী মোদী শ্রোতাদের তাদের ফিটনেসের প্রতি মনোযোগ দেওয়ার আহ্বান জানান। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী ত্রিপুরার রিয়াং জনজাতি গোষ্ঠীর জীবনমানের উন্নতিতে পি এম সূর্যঘর মুফ্ত বিজলি যোজনার উপযোগিতা এবং ৩০০০ ফিট উচ্চতায় জম্পুই পাহাড়ের ভাংমুন গ্রামে জল সংকট মোকাবিলায় বৃষ্টির জল ধরে রাখায় সাফল্যের বিষয়কেও মন কি বাতে প্রশংসা করেন।

#####BYTE#####PM#####

PM-Keralam Campaign :

প্রধানমন্ত্রী ও বিজেপির শীর্ষ পর্যায়ের নেতা নরেন্দ্র মোদী বলেছেন, পশ্চিম এশিয়ায় চলমান সংকটের মধ্যে কেন্দ্রীয় সরকার সংঘাতপূর্ণ অঞ্চলে থাকা ভারতীয়দের সুরক্ষাকে অগ্রাধিকার দিয়েছে, যেখানে কেরালার উল্লেখযোগ্য সংখ্যক মানুষ বাস করেন। গতকাল কেরলমের পালাঙ্কাড়ে এক নির্বাচনী সমাবেশে প্রধানমন্ত্রী পশ্চিম এশিয়ার সংঘাতের বিষয়ে সরকারের গৃহীত

পদক্ষেপের কথা তুলে ধরে আরো বলেন, ভারত পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে এবং দেশের উপর এর প্রভাব কমানোর জন্য সক্রিয়ভাবে কাজ করছে। ভারতীয়দের সুরক্ষা নিশ্চিত করতে তিনি সংঘাত-কবলিত দেশগুলোর নেতাদের সঙ্গে নিরন্তর যোগাযোগ রাখছেন বলেও জানান।

পরে প্রধানমন্ত্রী একটি রোডশো-র জন্য ত্রিশুরে পৌঁছান। উল্লেখ্য, আগামী মাসের ৯ তারিখে কেরলমে বিধানসভা নির্বাচন অনুষ্ঠিত হবে।

ADC Election Candidate fray :

আসন্ন এডিসি নির্বাচনে ২৮টি আসনের সবকটিতেই বহুমুখী প্রতিদ্বন্দ্বিতা হচ্ছে। রাজ্য নির্বাচন কমিশন সূত্রে পাওয়া খবর অনুযায়ী সবচেয়ে বেশি ৯ জন করে প্রার্থী রয়েছেন নতুনবাজার-মালবাসা এবং মহারানী-চেলাগাঙ্গ আসনে সবচেয়ে কম প্রার্থী রয়েছেন করমছড়ায়, ৪ জন। এই নির্বাচনে মোট প্রার্থী রয়েছেন ১৭৩ জন। বিজেপি ও তিপরা মথা পার্টি ২৮টি আসনের সবকটিতে প্রতিদ্বন্দ্বিতা করছে। জাতীয় কংগ্রেস ২৭টি, সিপিআইএম ২৫টি, আইপিএফটি ২৪টি, সিপিআই ১টি আসনে প্রতিদ্বন্দ্বিতা করছে। এছাড়া, ২৬ জন নির্দল প্রার্থী ও অন্যান্য ১৪ জন প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। আগামী ১২ই এপ্রিল ভোট গ্রহণ এবং ১৭ই এপ্রিল ভোট গননা করা হবে।

Food Dept :

রাজ্য এলপিজি গ্যাস ও পেট্রোল ডিজেল সরবরাহ স্বাভাবিক রয়েছে। গতকাল আগরতলায় সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন, খাদ্য ও জনসংভরণ দপ্তরের

সচিব দেবপ্রিয় বর্ধন। তিনি বলেন, আর.কে.নগর এল.পি.জি. সিলিন্ডার বটলিং করার কাজ আগের মতই স্বাভাবিক রয়েছে। এই প্ল্যান্ট থেকে রাজ্যের ৫ জেলায় এল.পি.জি. সিলিন্ডার সরবরাহ করা হচ্ছে। এছাড়া, শিলচর থেকে আসা গ্যাস সিলিন্ডারগুলি রাজ্যের তিন জেলায় সরবরাহ করা হচ্ছে। রাজ্যে পি.এন.জি. সি.এন.জি. সরবরাহও স্বাভাবিক রয়েছে। তিনি জানান, রাজ্য ও জেলাস্তরে কন্ট্রোল রুম খোলা হয়েছে। কারোর কোন অভিযোগ থাকলে এই কন্ট্রোলরুমে যোগাযোগ করার তিনি অনুরোধ জানিয়েছেন।

Kajal Smriti Football:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত কাজল স্মৃতি ফুটবলের গতকাল দুটি খেলা হয়। উমাকান্ত মিনি স্টেডিয়ামে প্রথম খেলায় সাই এস টি সি ৫-০ গোলে আসাম রাইফেলস স্কুলকে পরাজিত করে। পরে দ্বিতীয় খেলায় সুধন্য দেববর্মা মেমোরিয়াল স্কুল কোচিং সেন্টার ৫-০ গোলে প্রনবানন্দ বিদ্যাভবনকে হারিয়ে দেয়।

Weather :

রাজ্যের উত্তর, উনকোটি, খোয়াই, ধলাই ও পশ্চিম জেলার দু'একটি জায়গায় ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এর সাথে রাজ্যের সবকটি জেলাতে বজ্র বিদ্যুত সহ ৩০ থেকে ৪০ কিলোমিটার প্রতি ঘন্টা বেগে ঝড়ো হওয়ার সতর্কতাও জারি করা হয়েছে। আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন

থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি
থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৪ ডিগ্রি সেলসিয়াস।
